

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা ৩ অগ্রহায়ন ১৩৯৮/ ১৮ নভেম্বর ১৯৯১

নং-মপবি-৪/১/৯১-বিধি১৭৯-সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে যে, রাষ্ট্রপতিশাসিত সরকার ব্যবস্থায় রুলস অব বিজনেস অনুসারে যে সকল বিষয় নিষ্পত্তির জন্য রাষ্ট্রপতির আনুমোদনের প্রয়োজন হইত তন্মধ্যে যে সকল বিষয়ে বর্তমান সংসদীয় পদ্ধতির সরকার ব্যবস্থায় নিষ্পত্তি/সিদ্ধান্তের জন্য রুলস অব বিজনেস অনুযায়ী রাষ্ট্রপতির আনুমোদনের প্রয়োজন রহিয়াছে সেই সকল বিষয় প্রধানমন্ত্রীর মাধ্যমে রাষ্ট্রপতির সমীপে পেশ করিতে হইবে। রাষ্ট্রপতিশাসিত সরকার ব্যবস্থায় অন্যান্য যে সকল বিষয় রাষ্ট্রপতির নিকট পেশ করিবার বিধান ছিল সেই সকল বিষয় সিদ্ধান্ত/আনুমোদনের জন্য প্রধানমন্ত্রীর সমীপে পেশ করিতে হইবে।

২। Rules of Business সংশোধনের চূড়ান্ত না হওয়া পর্যন্ত এই ব্যবস্থা বহাল থাকিবে।

৩। প্রধানমন্ত্রী ও প্রধান বিচারপতির নিয়োগ ও পদত্যাগ সংক্রান্ত বিষয় রাষ্ট্রপতি সরাসরি নিষ্পত্তি করিবেন।

৪। ইহা ১৯ সেপ্টেম্বর ১৯৯১ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোহাম্মদ সিদ্দিকুর রহমান)

মন্ত্রিপরিষদ সচিব